# ২০২১

## বাংলা - সাম্মানিক

### তৃতীয় সেমেস্টার

### পত্র : CC-6

### (ঐতিহাসিক ভাষাবিজ্ঞান)

### পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) পৃথিবীর প্রধান ভাষা বংশগুলির নাম উল্লেখ করে যে-কোনো একটি ভাষাবংশের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

*অথবা,*

(খ) প্রাচীন ভারতীয় আর্যভাষার সময়কাল উল্লেখ করে তার মূল ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও। ১০

২। (ক) প্রাচীন বাংলা ভাষার সময়সীমার উল্লেখ করে এই পর্বের বাংলাভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি অবলম্বনে আদি-মধ্য বাংলা ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ১০

৩। (ক) ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যটি অবলম্বনে অন্ত্য-মধ্য বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক লক্ষণগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) আধুনিক বাংলা ভাষার প্রধান প্রধান ভাষাবৈশিষ্ট্যগুলি স্বামী বিবেকানন্দের 'পরিব্রাজক' গ্রন্থে কীভাবে প্রকাশ পেয়েছে তা জানাও। ১০

৪। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার ছন্দোরীতিগত বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) বৈদিক সংস্কৃত ভাষার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করো। ৫

৫। (ক) প্রাচীন বাংলা ভাষায় সংখ্যাবাচক শব্দ ও শব্দদ্বৈতের ব্যবহার-এর বৈশিষ্ট্য উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫

*অথবা,*

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের ছন্দোরীতিগত বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৫

৬। (ক) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষায় বিভিন্ন ভাষার শব্দগ্রহণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) আধুনিক বাংলার বাক্যগঠনরীতিতে অব্যয় পদের ব্যবহার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৭। ***যে-কোনো একটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) সময়কাল নির্দেশ করে ভারতীয় আর্যভাষার স্তরবিভাগ উল্লেখ করো।

(খ) প্রাচীন বাংলা ভাষায় ক্রিয়ার কালের ব্যবহার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(গ) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষায় নাসিক্যব্যঞ্জনের ব্যবহার সম্পর্কে আলোচনা করো।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও ঃ ১×১৫

(ক) 'অষ্টাধ্যায়ী' কে রচনা করেন?

(খ) 'গিরনার' অনুশাসন কোন্ ভাষার নিদর্শন?

(গ) পালি ভাষা কোন্ যুগের নিদর্শন?

(ঘ) 'অভিজ্ঞানশকুন্তলম্' নাটকে কোন্ প্রাকৃত ভাষা ব্যবহার করা হয়েছে?

(ঙ) মধ্য ভারতীয় আর্যভাষার সময়কাল নির্দেশ করো।

(চ) 'দাক্ষিণাত্য' বর্গের ভাষা কোন্ দুইটি?

(ছ) 'বাল্‌তো স্লাবিক' ভাষার উৎস কী?

(জ) 'গোঠে **<u>হৈতে</u>** আসি আহ্মি বুঢ়ী গোআলিনী'— নিম্নরেখ অনুসর্গের সাহায্যে কোন্ কারকের অর্থ প্রকাশ পেয়েছে?

(ঝ) 'নৃত্য > নাচ' - কোন্ নিয়মের উদাহরণ?

(ঞ) বাংলা ভাষা কোন্ প্রাকৃত ভাষা থেকে উদ্ভূত?

(ট) 'যাবনী মিশাল' ভাষা কোন্ মঙ্গলকাব্যে ব্যবহৃত হয়েছে?

(ঠ) চর্যাপদে সন্ধ্যাভাষা বা সান্ধ্যভাষা বলতে কী বোঝানো হয়?

(ড) অন্ত্য-মধ্য যুগের বাংলায় কোন্ ছন্দের সর্বাধিক ব্যবহার লক্ষ করা যায়?

(ঢ) 'গোধিকা **<u>রাখ্যাছি</u>** — বান্ধি দিয়া জাল দড়া'— রেখাঙ্কিত শব্দটিতে কোন্ ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য লক্ষ করা যায়?

(ণ) আচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায় রচিত O.D.B.L. গ্রন্থটির সম্পূর্ণ নাম কী?